


বিজ্ঞপ্তি

এই মর্মে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীস বৈধপথে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের স্বীকৃতি স্বরূপ নিম্নোক্ত ৫জন প্রবাসী বাংলাদেশীকে আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার, ২০১৭ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:-

১. জনাব মোহাম্মদ শামসুল আলম
২. জনাব আলমাস কাজী
৩. জনাব মজিবুর ইসলাম
৪. জনাব আব্দুল মান্নান আকন্দ
৫. জনাব এম. এ. সামাদ

উল্লেখ্য, গত ১৯ অক্টোবর ২০১৭ তারিখে দূতাবাস বিজ্ঞপ্তির মাধ্যমে প্রবাসী বাংলাদেশীদের পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন পত্র আহবান করে। তারই পরিপ্রেক্ষিতে জমাকৃত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইপূর্বক এবং দূতাবাস কর্তৃক প্রণীত আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার সংক্রান্ত নির্দেশনাবলী, ২০১৬-এর আলোকে উপরোক্ত ৫জন প্রবাসী বাংলাদেশীকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ১৮ ডিসেম্বর, ২০১৭ তারিখে বাংলাদেশ দূতাবাসে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০১৭-এর মূল অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা হবে।




13.12.2017
কর্তৃপক্ষ